

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) অপারেশনাল প্ল্যানের অধীনে জনবল নিয়োগ সংক্রান্ত (১-১০ গ্রেড) কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মসিউর রহমান, অতিরিক্ত সচিব, অর্থিক ব্যবস্থাপনা ও অডিট, স্বাস্থ্য সেবা বিভাগ।
সভার তারিখ ও সময় : ২৫/০৬/২০১৯খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা।
সভার স্থান : বাংলাদেশ সচিবালয়, মিনি কনফারেন্স রুম, ভবন নং-০৩, কক্ষ নং-৩৩৮।
সভায় উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উল্লেখ করেন, অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) অপারেশনাল প্ল্যানের নিয়োগযোগ্য (১-১০ গ্রেড) ১৪৩ টি শূন্য পদে অতি দ্রুত জনবল নিয়োগের কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন। সভাপতি উপস্থিত টেলিটকের প্রতিনিধি জনাব আল রেজ্জাকুজ্জামান, ম্যানেজার (মার্কেটিং ও ভিএএস)কে এ বিষয়ে করণীয় সম্পর্কে বক্তব্য দানের অনুরোধ জানালে তিনি উল্লেখ করেন, প্রথমেই টেলিটকের সাথে মন্ত্রণালয়/বিভাগের একজন প্রতিনিধির এমওইউ (MOU) সম্পন্ন করা প্রয়োজন এবং অনলাইনে আবেদন সংক্রান্ত সফটওয়্যার ডেভেলপ করতে ২০ (বিশ) দিন সময়ের প্রয়োজন হবে। সফটওয়্যার ডেভেলপের পর দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা যাবে। সভায় উপস্থিত ড. এম হেলাল উদ্দিন আহমেদ, অধ্যাপক, এমআইএস, ঢাকা বিশ্ববিদ্যালয় জানান, সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের জনবল নিয়োগ কার্যক্রমে প্রশ্নপত্র প্রনয়নসহ পরীক্ষা অনুষ্ঠানের পর্যাপ্ত অভিজ্ঞতা রয়েছে এ বিভাগের। বর্তমানেও কয়েকটি প্রতিষ্ঠানের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এ বিভাগের অধীনে পরিচালিত পরীক্ষায় কখনো প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উত্থাপিত হয়নি। এ বিষয়ে জঁরা বেশ সতর্ক ও সততার সাথে কাজ করছেন মর্মে উল্লেখ করেন।

সভাপতি উল্লেখ করেন, প্রত্যেক আবেদনকারী কর্তৃক জমাকৃত ৫০০/- (পাঁচশত) টাকা সরকারি কোষাগারে সরাসরি জমা প্রদান করা হবে। টেলিটকের প্রাপ্য সার্ভিস চার্জ আলাদাভাবে এএমসি অপারেশনাল প্ল্যান হতে বহন করা হবে। টেলিটকে সার্ভিস চার্জ বিষয়ে লাইন ডাইরেক্টর, এএমসি বরাবরে প্রশ্নাব দাখিলের অনুরোধ করা হয়। অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) অপারেশনাল প্ল্যানের জন্য জরুরীভিত্তিতে একটি ওয়েবসাইট ডেভেলপ করার জন্য অনুরোধ করা হয় অথবা স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটটি নিয়োগ কার্যক্রমে ব্যবহার করা যেতে পারে। ০৫/০৮/২০১৯ খ্রি: তারিখের মধ্যে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের, ২৭/০৮/২০১৯ খ্রি: তারিখের মধ্যে আবেদনপত্র দাখিলের এবং ১৫/০৯/২০১৯ খ্রি: তারিখের মধ্যে লিখিত পরীক্ষা অনুষ্ঠানের সম্ভাব্য চূড়ান্ত সময়সীমা নির্ধারণ করা হয় এবং জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব (প্রবা-১) এ নিয়োগ কার্যক্রমে ফোকাল পয়েন্টের দায়িত্ব পালন করবেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নে
১	টেলিটকের সাথে জরুরীভিত্তিতে এমওইউ (MOU) সম্পন্ন করা।	এলডি (এএমসি)
২	আবেদনকারীগণ কর্তৃক জমাকৃত সমুদয় টাকা সরকারি কোষাগারে জমা করতে হবে এবং টেলিটকের সার্ভিস চার্জ অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) অপারেশনাল প্ল্যান হতে বহন করা হবে।	এলডি (এএমসি)
৩	অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) অপারেশনাল প্ল্যানের জন্য জরুরীভিত্তিতে একটি ওয়েবসাইট ডেভেলপ করা।	এলডি (এএমসি)
৪	০৫/০৮/২০১৯ খ্রি: তারিখের মধ্যে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের, ২৭/০৮/২০১৯ খ্রি: তারিখের মধ্যে আবেদনপত্র দাখিলের এবং ১৫/০৯/২০১৯ খ্রি: তারিখের মধ্যে লিখিত পরীক্ষা অনুষ্ঠানের সম্ভাব্য চূড়ান্ত সময়সীমা নির্ধারণ করা হয়।	এলডি (এএমসি)
৫	পত্রিকায় প্রকাশিতব্য নিয়োগ বিজ্ঞপ্তির চূড়ান্ত কপি কমিটি কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।	এলডি (এএমসি)
৬	জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব (প্রবা-১) এ নিয়োগ কার্যক্রমে ফোকাল পয়েন্টের দায়িত্ব পালন করবেন।	উপসচিব (প্রবা-১)

অত:পর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

৩০/০৬/২০১৯

(মসিউর রহমান)

অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও
সভাপতি
(১-১০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি।

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭২.০১২.১৫.১৭/ ১৭০


তারিখঃ ৩০.০৬.২০১৯খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
- ২। সভাপতি, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, ব্যবসা শিক্ষা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রবা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। ড. এম হেলাল উদ্দিন আহমেদ, অধ্যাপক, এমআইএস, ব্যবসা শিক্ষা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। লাইন ডাইরেক্টর, অলটারনেটিভ মেডিকেল কেয়ার(এএমসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। উপসচিব (প্রবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। প্রোগ্রাম ম্যানেজার, অলটারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১২। ডাঃ আবুবকর সিদ্দিক, ডিপিএম, অলটারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৩। জনাব আল-রেজ্জাকুজ্জামান, ম্যানেজার (বিপনন ও ভিএএস), টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১৩ তলা), হোল্ডিং-৩/এ, ৫/এ, ৭/এ, রোড-১৭, গুলশান-১ ঢাকা-১২১২।
- ১৪। জনাব মোঃ সালাহ উদ্দিন, সহকারী ম্যানেজার (বিপনন ও ভিএএস), টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১৩ তলা), হোল্ডিং-৩/এ, ৫/এ, ৭/এ, রোড-১৭, গুলশান-১ ঢাকা-১২১২।
- ১৫। অফিস নথি।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ✓ ১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ২। অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


(মোহাম্মদ নাসির উদ্দিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩